গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্প

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ২য় ব্লক (৫ম তলা), ঢাকা-১০০০।

স্মারক নং-মাশিউপ্র/পিআইইউ/৬১/২০১৬/ ৯২৯ তারিখঃ ০৭/০৫/২০১৯ খ্রিঃ

**বিষয় ঃ মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় প্রকল্পে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তির অর্থ বিতরণের লক্ষ্যে জরুরী ভিত্তিতে উপবৃত্তির জন্য তালিকাভুক্ত শিক্ষার্থীদের বিকাশ একাউন্ট খোলা প্রসংঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় প্রকল্পভুক্ত শিক্ষার্থীদের ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণী নতুন প্রকল্পভুক্ত শিক্ষার্থীদের উপবৃত্তির অর্থ প্রাপ্তির লক্ষ্যে বিকাশ একাউন্ট খুলতে হবে।

**বিকাশ একাউন্ট খুলতে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করতে হবে ঃ**

০১. বিকাশ কর্তৃপক্ষ আগামী ০৮/০৫/২০১৯ ইং তারিখ থেকে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সহিত সাক্ষাতপূর্বক প্রতিষ্ঠানভিত্তিক একাউন্ট খোলার সিডিউল নির্ধারণ করবেন।

০২. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার তত্ত্বাবধানে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সহযোগিতায় বিকাশের প্রতিনিধিগণ আগামী ১৬/০৬/২০১৯ ইং তারিখ থেকে সরেজমিনে শিক্ষা প্রতিষ্ঠানে গিয়ে শিক্ষার্থীদের নামে বিকাশ একাউন্ট খোলা শুরু করবেন।

০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার তত্ত্বাবধানে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সহযোগিতায় বিকাশের প্রতিনিধির মাধ্যমে উপবৃত্তির তালিকাভুক্ত প্রত্যেক যোগ্য শিক্ষার্থীর নামে বিকাশ একাউন্ট খোলা নিশ্চিত করতে হবে।

০৪. শিক্ষার্থীর বিকাশ একাউন্ট খোলার বিষয়ে KYC ফরম পুরণ এবং একাউন্ট থেকে টাকা উত্তোলন প্রভৃতি বিষয় সর্ম্পকে অবহিত করার লক্ষ্যে বিকাশের প্রতিনিধি, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের সমন্বয়ে একদিনের ওরিয়েন্টেশন প্রোগ্রাম করা যেতে পারে। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে অবহিত করা হবে।

০৫. উপবৃত্তি প্রাপ্যতার শর্তানুযায়ী কোন অযোগ্য শিক্ষার্থীর বিকাশ একাউন্ট খোলা যাবে না। ACTSS এ উল্লিখিত কোন শিক্ষার্থী অনুপস্থিত/অযোগ্য থাকলে তার নাম ACTSS থেকে কর্তন পূর্বক প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন। কোন অযোগ্য শিক্ষার্থীর বিকাশ একাউন্ট খোলা হলে বা যোগ্য শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবক এর সিম/মোবাইল নম্বর ব্যতীত অন্য নম্বরে বিকাশ একাউন্ট খোলা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন। অসত্য বা ভুল তথ্যের কারণে উপবৃত্তির অর্থ বিতরণ করা হলে সে অর্থ সরকারী কোষাগারে ফেরত দিতে প্রতিষ্ঠান প্রধান বাধ্য থাকবেন এবং এ জন্য তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ বিষয়টি সার্বিকভাবে তত্ত্বাবধান করবেন।

০৬. উপবৃত্তি প্রাপ্ত সকল শিক্ষার্থীর বিকাশ একাউন্ট এসএসসি পরীক্ষা পর্যন্ত সচল রাখতে হবে।

**বিকাশ একাউন্ট খোলার জন্য শিক্ষার্থীদের সঙ্গে যা নিয়ে আসতে হবে-**

- একটি মোবাইল সেট
- পিতা/মাতা/অভিভাবকের নামে রেজিষ্ট্রেশনকৃত সিম যে নম্বরে পূর্বে বিকাশ একাউন্ট খোলা হয় নাই।
- শিক্ষার্থীর এককপি পাসপোর্ট সাইজ ছবি।
- শিক্ষার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয় পত্রের স্পষ্ট ফটোকপি।

**একাউন্ট খোলার সময় অবশ্যই মনে রাখতে হবে-**

- শিক্ষার্থীর উপস্থিতিতে বিকাশের প্রতিনিধি বিকাশ KYC ফরম সঠিকভাবে পুরণ করতে হবে।
- একটি সিম/মোবাইল নম্বর ব্যবহার করে কোনক্রমেই একাধিক শিক্ষার্থীর নামে বিকাশ একাউন্ট খোলা যাবে না।
- শিক্ষার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ACTSS সীটে উক্ত ছাত্র-ছাত্রীর পিতা/মাতার নামের সাথে জাতীয় পরিচয়পত্রের নামের মিল থাকতে হবে।
- যদি জাতীয় পরিচয়পত্র এবং ACTSS- এ উল্লেখিত উক্ত পিতা/মাতার নামে কোন অসামঞ্জস্য থাকে, তবে ঐ জাতীয় পরিচয়পত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/স্কুল কর্তৃপক্ষের সত্যায়ন নিতে হবে।
- যদি শিক্ষার্থীর কাছে পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি না থাকে, তবে উক্ত শিক্ষার্থীর বৈধ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি KYC ফরমে সংযুক্ত করতে হবে। KYC ফরমে শিক্ষার্থীর পিতা/মাতার নামের স্থানে তার বৈধ অভিভাবকের নাম জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পূরণ করতে হবে। এক্ষেত্রে বৈধ অভিবাবকের জাতীয় পরিচয় পত্রের তথ্য বিকাশ কর্তৃক প্রদত্ত সংযুক্ত প্রত্যয়ন পত্রে পূরণ করে এই প্রত্যয়ন পত্রে অত্র শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/স্কুল কর্তৃপক্ষের সত্যায়ন নিতে হবে এবং তারপরে শিক্ষার্থীর KYC ফরমের সাথে সংযুক্ত করতে হবে।
- বিকাশের প্রতিনিধি একাউন্ট খোলার পরে পিন নম্বর সেট করে দিবে। শিক্ষার্থীদের অবশ্যই পিন নম্বর মনে রাখতে হবে।
- শিক্ষার্থীর বিকাশ একাউন্ট খোলা শেষ হলে সাথে সাথে তার নামে খোলা বিকাশ একাউন্ট নম্বর ACTSS সামারি সীটে উক্ত শিক্ষার্থীর নামের পাশে আপডেট করে নিতে হবে।

চলমান পাতা-২

**ছাত্র-ছাত্রীর বিকাশ একাউন্ট খোলার পরবর্তী ধাপ-**

০১. পিআইইউ থেকে প্রেরিত ACTSS অনুযায়ী যোগ্য শিক্ষার্থীর বিকাশ একাউন্ট খুলে ১১ ডিজিটের মোবাইল নম্বর Pre-Printed কপিতে ইংরেজীতে লিখতে হবে এবং KYC ফরমে পূরণ করতে হবে। ACTSS এ উল্লেখিত প্রতিষ্ঠানের নাম, প্রতিষ্ঠানের উপবৃত্তি আইডি নম্বর এবং শিক্ষার্থীর আইডি নম্বর KYC ফরমে ঠিকানা হিসাবে লিখতে হবে। লিপিবদ্ধ তথ্যাবলী নির্ভুল আছে এরূপ নিশ্চিত হয়েই প্রতিষ্ঠান প্রধান KYC ফরমে সীলসহ স্বাক্ষর করবেন। পরবর্তীতে সংশোধনের কোন সুয়োগ থাকবে না।

**পুরণকৃত ACTSS এবং KYC ফরম জমা প্রদান প্রসঙ্গে নির্দেশনা ঃ**

০১. বিকাশ একাউন্ট নম্বর পুরণপূর্বক ACTSS-এ প্রধান শিক্ষক ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার স্বাক্ষরসহ দুইসেট ফটোকপি করে এককপি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান এবং অন্যকপি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সংরক্ষণ করবেন। বিকাশ একাউন্ট নম্বর সহ মূল ACTSS বিকাশের প্রতিনিধি গ্রহণ করবেন। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যোগ্য শিক্ষার্থীদের একাউন্ট খোলা শেষ হয়েছে মর্মে নিশ্চিত হয়ে প্রতিষ্ঠান প্রধান ACTSS-এ স্বাক্ষর করবেন।

০২. বিকাশ লিমিটেড ACTSS এবং KYC ফরম প্রাপ্তির পর উপবৃত্তির অর্থ বিতরণের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে আগামী ১০/০৭/২০১৯ ইং তারিখের মধ্যে বিকাশ একাউন্ট এর মাধ্যমে উপবৃত্তি বিতরণ সম্পন্ন করবেন।

এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে প্রতিষ্ঠান প্রধানগণকে বিষয়টি অবহিতকরণ এবং শিক্ষার্থীদের বিকাশ একাউন্ট খোলার বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০৭/০৫/১৯

(শরীফ মোর্তজা মামুন)
প্রকল্প পরিচালক
মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় প্রকল্প
ফোনঃ ৯৫৬৩৪১২।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
উপজেলাঃ.....................................................জেলা ঃ.......................................

স্মারক নং-মাশিউপ্র/পিআইইউ/৬১/২০১৬/ তারিখঃ /০৫/২০১৯ ইং

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ**

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা ।
০২। ব্যবস্থাপনা পরিচালক, অগ্রণী ব্যাংক লিমিটেড, মতিঝিল,ঢাকা ।
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, বিকাশ লিমিটেড, স্বাধীনতা টাওয়ার, বীরশ্রেষ্ঠ জাহাঙ্গীর গেট, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা ।
০৪। সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা ।
০৫। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,ঢাকা (মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো )।
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা............................... জেলা..........................................।
০৭। জেলা শিক্ষা অফিসার, জেলা....................................................
০৮। সকল কর্মকর্তা, মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় প্রকল্প, শিক্ষা ভবন, ঢাকা।
০৯। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, ........................................।
১০। সংরক্ষণ নথি।

০৭/৫/২০১৯

(মোঃ তৌফিক এরফান)
প্রকল্প কর্মকর্তা
মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় প্রকল্প
ফোনঃ ৯৫৬৩১৪১।